

# গণঅনশনে বসেছেন জবি শিক্ষার্থীরা

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৬ মে ২০২৫, ১৬:৪১



জবি শিক্ষার্থীরা গণ অনশন শুরু করেছে। ছবি: সংগৃহীত

চার দফা দাবিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের সমাবেশ ও অবস্থান কর্মসূচি শুরু হয়েছে। শুক্রবার (১৬ মে) জুম্মার নামাজের পর দুপুর ২টার দিকে কাকরাইল মোড়ে তৃতীয় দিনের মতো পূর্বঘোষিত সমাবেশ শুরু হয়।



দৈনিক ইন্ডোফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

সমাবেশে শিক্ষার্থীরা প্রশ্ন রাখেন, তাদের যৌক্তিক দাবি মেনে নিতে এই সরকারের কী সমস্যা। এই দাবি আদায় করতে গিয়ে শিক্ষক, শিক্ষার্থী এমনকি সাংবাদিকরাও আহত হয়েছেন। জাতীয় বিভিন্ন পর্যায়ের মানুষ আমাদের সঙ্গে একাত্মতা পোষণ করছেন।

এই সরকারের তাদের রক্তের মধ্য দিয়ে প্রতিষ্ঠিত হলেও তারা শিক্ষার্থীদের ন্যায্য অধিকার মেনে নিতে চাইছে না বলে অভিযোগ শিক্ষার্থীদের।

সমাবেশে শাখা ছাত্রদলের সদস্যসচিব সামসুল আরেফিন বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সব রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ছাত্র সংগঠনগুলো নিয়ে যে নজির স্থাপন করেছে; তা ইতিহাসে বিরল। তাদের মতামতের পার্থক্য থাকতে পারে তবে জবি প্রশ্নে সবসময় এক।

তিনি আরও বলেন, এই আন্দোলনে উপদেষ্টা মহোদয়ের সঙ্গে যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে। তার জন্য তারা দুঃখ প্রকাশ করছেন।

ছাত্রদলের সদস্যসচিব সামসুল আরেফিন স্পষ্ট দাবি জানিয়ে বলেন, বাজেটে ৩০৬ কোটি টাকার প্রস্তাবিত বাজেট মেনে না নেওয়া পর্যন্ত এই আন্দোলন চলবে। এর আগে শুক্রবার সকাল থেকে কাকরাইল মোড়ে বাসে বাসে করে জমায়েত হতে শুরু করেন জবি শিক্ষক-শিক্ষার্থীরা।